

CLIMATE CRISIS AND UPHOLDING THE RIGHTS OF WOMEN AND GIRLS IN BANGLADESH



CLIMATE CRISIS AND
UPHOLDING THE RIGHTS
OF WOMEN AND GIRLS
IN BANGLADESH



জলবায়ু সংকট এবং বাংলাদেশে নারী ও মেয়েদের অধিকার সম্মুখত রাখা

দুর্যোগকালীন সময়ে নারী ও কিশোরীদের স্বাভাবিকের চেয়ে অনেকবেশী ঝুঁকিতে থাকে। জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) বিশ্বব্যাপী সরকারের সঙ্গে ঘনিষ্ঠ / যৌথভাবে দুর্যোগ পূর্ববর্তী, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী কালে তৃণমূল পর্যায়ে কাজ করে থাকে। নারী ও কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য, অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করতে জাতিসংঘের বিভিন্ন সংস্থা এবং তাদের স্থানীয় বাস্তবায়নকারী সংস্থাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও বিশ্বে জলবায়ু সংকট গভীর হওয়ার প্রেক্ষিতে ইউএনএফপিএ এবং অস্ট্রেলিয়া সরকারের পররাষ্ট্র ও বানিজ্য বিভাগ সম্মিলিত ভাবে নারী ও কিশোরীদের অধিকারের বিষয়টিকে গুরুত্ব দেওয়ার জন্য আহ্বান জানিয়ে আসছে।

এই সংগ্রহটিতে বাংলাদেশের বিভিন্ন দুর্যোগে নারী, কিশোরী ও বিপন্ন জনগোষ্ঠীর লড়াই ও সংগ্রামের মুহূর্তগুলো একগুচ্ছ আলোকচিত্রের মাধ্যমে তুলে ধরার চেষ্টা করা হয়েছে, পাশাপাশি কিভাবে ইউএনএফপিএ তাদের দাতা সংস্থাসমূহ ও স্থানীয় বাস্তবায়নকারী সংস্থাগুলোর সহায়তায় প্রান্তিক জনগোষ্ঠীদের সহায়তা কার্যক্রমগুলো উঠে এসেছে, যাতে কেউ বাদ না যায়।

Climate Crisis and Upholding the Rights of Women and Girls in Bangladesh

Women and girls face increased risks during disasters. UNFPA is on the ground before, during and after crises across the world, working closely with governments, UN agencies, and local partners to ensure that the sexual and reproductive health and rights and safety of women and girls are upheld.

As the climate crisis intensifies across Asia, the Pacific and the world, UNFPA, together with the Australian Government, is calling for increased investments in upholding the rights of women and girls.

This collection of photos provides a glimpse into the struggles that women, girls, and vulnerable groups of people face during disasters across Bangladesh, as well as the support provided by UNFPA through our partners and donors to ensure no one is left behind.



সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়ার কারণে উপকূলীয় এলাকায় লবনাক্ততা বাড়াচ্ছে। ঘূর্ণিঝড় ও বন্যার কারণে লবনাক্ত পানি বেড়িবাঁধ উপচে কৃষিজমিতে প্রবেশ করছে, যার ফলে কৃষিজমিতে লবনাক্ততা বেড়ে ফসলের স্বাভাবিক উৎপাদন ব্যাহত হচ্ছে। ফলাফল হিসেবে প্রতিদিন লবনাক্ত পানি (brackish water) ব্যবহারে নারীরা বিভিন্ন ধরনের জরায়ু সংক্রান্ত অসুস্থতা, যৌন ও প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত সমস্যায় ভুগছে।

বাংলাদেশ সরকারের সহযোগিতায় ইউএনএফপিএ এবং অস্ট্রেলিয়া সরকার যৌথভাবে বাংলাদেশের দুর্গম এলাকার নারী ও কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্যসেবার সহজগম্যতা নিশ্চিতকরণের জন্য কাজ করে আসছে।

The rising sea level is causes salt intrusion into coastal area. Due to cyclones and floods, salt water enters the agricultural land by breaking or overflowing the dam, increasing the salinity of the land and disrupting the normal production capacity. As a result of the brackish water, women in these areas suffer from various uterine diseases, which affects their sexual and reproductive health.

UNFPA, together with the Government of Australia, supports the Government of Bangladesh to ensure that women and girls from remote areas of the country have access to sexual and reproductive health services.















খুলনার এই গ্রামের অধিবাসীরা তাদের এলাকা উচ্চ জোয়ারে প্লাবিত হওয়ার আগেই সেখান থেকে সরে অন্যত্র যাচ্ছে। খুলনার অধিবাসীরা একের পর এক ঘূর্ণিঝড় ও বন্যায় বারবার তাদের বাড়ি-ঘর হারাচ্ছে, শত শত মানুষ বাস্তুচ্যুত হচ্ছে। যাদের মধ্যে নারী, কিশোরী ও বিপদাপন্ন জনগোষ্ঠী রয়েছে। বছরে অন্তত একটি করে স্বাভাবিকের চেয়ে উচ্চ জোয়ার শহরকে প্লাবিত করে।

জরুরি পরিস্থিতিতে প্রায়ই নারী ও কিশোরীরা সবচেয়ে বেশি হুমকিতে পরে। যেহেতু হাসপাতাল থেকে শুরু করে নিজস্ব ব্যক্তিগত জায়গা, খাবার ও পানি পাওয়ার সুযোগ সীমিত বা কমে যায় তাই নারী ও কিশোরীরা বিভিন্ন ধরনের সহিংসতা ও স্বাস্থ্য ঝুঁকির আশংকায় থাকে।


These residents of this village in Khulna were relocating their village before the high tide waves in their area began. The people of Khulna are repeatedly losing their homes due to cyclones and floods, displacing hundreds, including women, girls, and vulnerable populations. At least once a year, the high tide floods the town well above its normal height.

In emergency situations, women and girls are often most threatened. As access to hospitals, privacy, food and water are restricted, women and girls become increasingly vulnerable to violence and health risks.











এই মানুষগুলোর চিত্র আমাদের স্মরণ করিয়ে দেয় ঘূর্ণিঝড় সিডর, আইলা এবং আফানের সময় মানুষ কিভাবে বিপন্নতার শিকার হয়েছিল প্রকৃতির রক্তমূর্তির কাছে।

ভৌগলিক অবস্থানের কারণে বাংলাদেশ বিশ্বের অন্যতম ঘূর্ণিঝড় প্রবণ এলাকা। বিশেষজ্ঞগণ স্বীকার করেছেন বৈশ্বিক উষ্ণতা বেড়ে যাওয়ায় ঘূর্ণিঝড়ের মাত্রা ও তীব্রতা বেড়ে যাচ্ছে যা উপকূলীয় এলাকাগুলোকে বড় ধরনের ঝুঁকিতে ফেলেছে। উষ্ণতা শুধুমাত্র ঘূর্ণিঝড়ের গতি ও ভয়াবহতা বাড়াচ্ছে তাই নয়, একই সঙ্গে তা বৃষ্টির পরিমাণও বাড়িয়ে দিচ্ছে। ঝড়ের কারণে অনেক মানুষ, বিশেষ করে নারী ও শিশুরা যারা তাদের জীবন ও ঘরবাড়ী হারিয়েছে তাদের দুঃসহ সৃতির ব্যাদনা ও ক্ষত চিহ্ন নিয়ে অনেকেই বেঁচে আছে।

দুর্যোগের সময় নারী ও কিশোরীদের প্রয়োজন গুলো উপেক্ষিত হয়। ইউএনএফপিএ ও স্থানীয় বাস্তবায়নকারী সংস্থাগুলোর সহায়তায় নারী ও কিশোরীদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিতের মাধ্যমে তাদের মর্যাদা সম্মুত রাখার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

The images of people affected by cyclones Aila, Sidor and Ampan remind us how vulnerable people are in the face of nature's vengeance.

Due to its geographical location, Bangladesh is one of the most cyclone-prone areas in the world. Experts believe that the number and intensity of cyclones will increase with global warming, putting coastlines at greater risk. Warming will not only increase the speed and severity of cyclones but also increase the amount of rain. Many people, especially women and children, have lost their lives and their houses to these cyclones and are still bearing the scars.

In times of crisis, women's and girls' needs are often neglected. UNFPA and partners uphold the dignity of women and girls by ensuring their protection and well-being.



















দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে আফগানিস্তানের পরে বাংলাদেশের দ্বিতীয় অবস্থানে রয়েছে যেখানে নারী ও মেয়েরা জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের উচ্চ ঝুঁকিতে রয়েছে। যদিও নারী এবং কিশোরীরা এই বৈশ্বিক উষ্ণতা বা জলবায়ু পরিবর্তনের দায়ী নয় - তবু তারাই বন্যা, নদী ভাঙ্গন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং অন্যান্য প্রতিকূল আবহাওয়ার নেতিবাচক প্রভাবের দ্বারা অধিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। নারী ও শিশুরা ক্রমবর্ধমান হারে বাস্তবচ্যুত হচ্ছে, যে কারণে তারা শিক্ষা ও স্বাস্থ্য সেবার সুযোগ থেকেও বঞ্চিত হচ্ছে। অবকাঠামো এবং অর্থনৈতিক নিরাপত্তাহীনতার কারণে দূর্যোগের পর শিশুদের বিয়ে দেওয়ার প্রবনতাও বাড়ছে।

Bangladesh ranks second to Afghanistan among South Asian countries where women and girls are at high risk of the negative impacts of climate change. While women and girls alone are not responsible for global warming or climate change, they bear the brunt of the cost of flooding, river erosion, sea-level rise and other adverse weather impacts. Women and children are increasingly displaced from their homes and are deprived of the right to education and access to healthcare. Due to the economic and physical insecurities in the aftermath of disasters the prevalence of child marriage can also increase.







উজানের পাহাড়ী এলাকায় বন ধ্বংসের কারণে বাংলাদেশের উত্তরাঞ্চলে পলি আসার পরিমাণ বাড়ছে, হাওর এলাকার নদী গুলোর মাঝখানের অংশ উচু হয়ে যাচ্ছে। অন্যদিকে উপকূলীয় বনভূমি কমে যাওয়ার কারণে ছোট খাল এবং বড় নদী গুলো তাদের গতিপথ বদলাচ্ছে। এর ফলে ওই এলাকা গুলোর মানুষ নিয়মিত ভাবে শক্তিশালী জলোচ্ছাসের শিকার হচ্ছে। ওই অঞ্চলের নারী ও শিশুরা এসব দুর্যোগে সবচেয়ে বেশি বিপন্ন হয়ে উঠছে, একইসঙ্গে তাদের ঘর ও অন্যান্য সুযোগ-সুবিধা নষ্ট হচ্ছে।

Deforestation in the upper reaches of the hills is causing silt to accumulate in the northern part of Bangladesh, resulting in higher riverbeds in the Haor region. On the other hand, due to the reduction of coastal forests and small canals, the big river is losing its natural course. Therefore, the people of this region are constantly facing floods and river bank erosion, accompanied by strong tidal waves. Women and girls from these regions are most vulnerable during such disasters. They face reproductive health problems, as well as issues concerning insecurity due to the destruction of their houses and other facilities.











দেশের ছয় শতাংশের বেশি মানুষ এখন শহরের বস্তি এলাকায় থাকে। সাধারণত মানুষ কাজের খোঁজে শহরে আসে। একটি বড় অংশের মানুষ শহরে জলবায়ু উদ্বাস্তু হিসেবে আসা ছাড়া আর কোন উপায় দেখছেন।

মেঘনা এবং তেঁতুলিয়া নদী সংলগ্ন ভোলা জেলা থেকে বাস্তুচ্যুত অনেক মানুষ ঢাকার মিরপুরে ভোলা বস্তি নামে একটি এলাকা গড়ে তুলেছে। সাধারণত একটি পরিবারের পুরুষ সদস্য জীবিকা ও বসবাসের জায়গা খুঁজতে এসব এলাকায় আসে। কিন্তু তাদের স্ত্রী ও সন্তানদের তারা ফেলে আসে, যাদের অনেকে নিখোঁজ, পাচার এবং যৌন নির্যাতনের শিকার হয়। বিশেষ করে যখন সামাজিক ব্যবস্থা যখন ভেঙে যায়, তখন এ ধরনের ঘটনা বেশি ঘটে।

More than 6 percent of people in Bangladesh live in urban slums. People are generally thought to be moving to the capital in search of work. A large number of people who move to the cities are climate refugees that see no way for survival without changing their homes.

Displaced people have settled in Bholā Basti of Mirpur from the Bholā district along the Meghna and Tentulia rivers. Usually, men of those families come first to find out whether there is a source of livelihood and a place to live. Women and children remain behind the affected areas and are more likely to be missing, subject to trafficking, and sexual abuse, especially when social support systems break down.




















পরিসংখ্যান বলছে জলবায়ু পরিবর্তনের কারণে আক্রান্ত এলাকার নারী ও শিশুদের সবচেয়ে বেশি দুর্ভোগে পরতে হয়। সন্তান প্রসব কালে প্রশিক্ষিত প্রসব সেবাদানকারী বা মিডওয়াইফ না থাকায় অনেক ধরনের জটিলতার মধ্যে পড়ছে মায়েরা।

ইউএনএফপিএ ও তার বাস্তবায়নকারী সংস্থাগুলোর সহায়তায় দেশের জলবায়ু পরিবর্তনে আক্রান্তস্থান ও দূর্গম এলাকা গুলোতে স্বাস্থ্য সেবা দানকারীদের প্রশিক্ষণ এবং প্রজনন স্বাস্থ্য সেবা পৌঁছে দিচ্ছে।

Statistics show that climate change is affecting women and children the most. In areas affected by climate change, due to a lack of trained birth attendants and midwives, pregnant mothers and newborns face complications during delivery.

UNFPA and partners train midwives and strengthen sexual and reproductive health services in remote areas across Bangladesh affected by climate change.







কেউ পিছিয়ে থাকবে না

LEAVING NO ONE BEHIND

















Published on the occasion
of the exhibition 'Climate
Crisis and Upholding
the Rights of Women
and Girls in Bangladesh'
organized by UNFPA and
the Government of Australia
at the Bangladesh National
Museum, Dhaka
12 - 16 November 2022

November 2022

Photo Story
Naymuzzaman Prince

Design
ARK Reepon



BANGLADESH
NATIONAL MUSEUM

Shahbagh, Dhaka - 1000
Bangladesh

